



বড় হওয়ার পর রিয়াজ অভাবের জন্য উপার্জনের উদ্দেশ্যে ঢাকায় চলে যায়। ভাগ্যের কি পরিহাস! আমরা ছোটবেলা থেকে অনেক কষ্ট করে মানুষ হয়েছি। অনেক অভাব অনটনের মধ্যে বড় হয়ে এখন আল্লাহ আমাদের অভাব দূর করে অনেক ভালো রেখেছেন। আর এই সুখ স্বাচ্ছন্দ আমার ভাই রিয়াজের বেশি দিন ভোগ করতে পারলো না। ছাত্রলীগের সন্ত্রাসীরা আমার ভাইকে দুনিয়ায় থাকতে দিল না। সে তো কোন অন্যায় করেনি। সে তো সত্যের পথেই ছিল। ন্যায্য অধিকারের জন্যই তো পথে নেমেছিল। আমি আমার ভাই হত্যার বিচার চাই। বর্তমান সরকারের কাছে আমার দাবী- আমার ভাইকে যারা বিনা অপরাধে হত্যা করেছে তাদের দ্রুত বিচার করে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড কামনা করছি'।

এক নজরে শহীদ মো: রিয়াজ

পুরো নাম : মো: রিয়াজ

পিতা : মাহমুদুল হক রাড়ী

মাতা : শাফিয়া বেগম

জন্ম তারিখ : ১২-০১-২০০৩ খ্রিষ্টাব্দ

জন্মস্থান : লক্ষ্মীপুর, হিজলা, বরিশাল

বৈবাহিক অবস্থা : অবিবাহিত

পিতার পেশা : ছোট কাঁচামালের ব্যবসা

মাসিক আয় : ১০০০০/=

বর্তমান দ্বিতীয় স্ত্রীর সাথে অবস্থান : অর্থাৎ প্রথম স্ত্রী মোসা: শাফিয়া বেগমের (শহীদ রিয়াজের মা)

সাথে প্রায় ১৮ বছর থেকে সম্পর্কহীন অবস্থায় আলাদা জায়গায় বসবাস

শহীদের মায়ের অবস্থা : মোছা: শাফিয়া বেগম (৫০), পেশা: গৃহিণী

বর্তমান তিন সন্তান সহ একসঙ্গেই থাকেন ভাইবোন: রিয়াজসহ মোট ৪ ভাই (বোন নেই)

মা-সহ তিন ভাই একই সঙ্গে একই পরিবারে অবস্থান

ভাইদের নাম ও পেশাগত অবস্থান : ১. রেজাউল করিম (৩২), প্রাইভেট স্কুলের শিক্ষকতা, মাসিক আয়: ৮০০০/=

২. মো: রাকিবুল ইসলাম (৩০), অপসোনিন কোম্পানিতে চাকরি, মাসিক আয় ১৫০০০/=

৩. মো: রাসেল (২৭), মুদি দোকান, মাসিক আয় ৭০০০/=

স্থায়ী ঠিকানা : গ্রাম: লক্ষ্মীপুর, ইউনিয়ন: মোল্লার হাট, থানা: হিজলা, জেলা: বরিশাল।

বর্তমান ঠিকানা : কামরাসীচর, সেকশন, ঢাকা

দলীয় অবস্থান : কোন দলেই সক্রিয় ছিলেন না

সর্বশেষ পড়ালেখা : ফুলাদি সরকারী কলেজ

বরিশাল, শ্রেণী: ডিগ্রী শেষ বর্ষ

আক্রান্তের তারিখ ও সময় : ০৪-০৮-২০২৪, বেলা ১:০০টা

আক্রান্তের স্থান : জিগাতলা, সাইন্স ল্যাব, ঢাকা

আক্রমণকারী : বাংলাদেশ আওয়ামী-ছাত্রলীগ এবং সাবেক ঢাকা মহানগর উত্তরের

ছাত্রলীগ সভাপতি মোঃ মিজানসহ তার সন্ত্রাসী সহযোগীরা

আক্রমণের ধরণ : মাথার বামপাশে গুলি লেগে পিছন দিক দিয়ে বেরিয়ে যায়

শাহাদতের তারিখ ও সময় : ১৭-০৮-২০২৪ খ্রিষ্টাব্দ, বেলা ১৫:৫০ টায়

শাহাদতের স্থান : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

দাফন : নিজ বাড়িতে, লক্ষ্মীপুর, হিজলা, বরিশাল